

ভাতিজার সাথে পরকীয়ার খবর ফাঁস হবার ভয়ে গৃহপরিচারিকাকে হত্যা

গাইবান্ধা সংবাদদাতা ॥ ভাতিজার সাথে পরকীয়া প্রেমের ঘটনা ফাঁস হবার ভয়ে স্কুল শিক্ষিকা দিলরুবা হারুন (৩৫) প্রেমিকের সহায়তায় গৃহপরিচারিকা সাবিনাকে (১৪) হত্যা করেছে। ঘটনাটি ঘটেছে গত বুধবার পলাশবাড়ি উপজেলা সদরের প্রফেসর পাড়ায়। গৃহপরিচারিকার লাশ ঝুলিয়ে রেখে আত্মহত্যা বলে চালিয়ে দেবার চেষ্টা ধরা পড়েছে পুলিশের হাতে। কারণ, পুলিশ ঝুলন্ত লাশের দু'পা মাটির সাথে লাগানো অবস্থায় পাওয়া ছাড়াও তার শরীরের বিভিন্ন স্থানে জখমের চিহ্ন পায়।

জান্না যায়, পার্শ্ববর্তী ছোট শিমুলতলা সরকারী প্রাথমিক স্কুলের শিক্ষিকা দিলরুবা হারুনের স্বামী হারুন অর রশিদ ঢাকায় শিক্ষা অধিদপ্তরে কর্মরত আছেন। তার অনুপস্থিতির সুযোগে দিলরুবা তার ভাতিজা নান্দিশহর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মিজানুর রহমান মঞ্জুর সাথে প্রায়শই রাত কাটাতে থাকে। তাদের এ অবৈধ মেলামেশায় আপত্তি জানায় গৃহপরিচারিকা সাবিনা। বিষয়টি গৃহকর্তাকে জানানোর ছমকি দিলে তাকে জীবন দিয়ে তার খেগারত দিতে হল।